



ইমামদের ভাতা নিয়ন্ত্রণে ব্যবহার করলে ক্ষতি হবে: ফয়জুল করীম



ফয়জুল করিম। ছবি: সংগৃহীত

ইমাম-মুয়াজ্জিনদের জন্য চালু হওয়া মাসিক সম্মানী ভাতা কোনোভাবেই নিয়ন্ত্রণের উপায় হিসেবে ব্যবহার করা উচিত নয় বলে সতর্ক করেছেন চরমোনাই পীর ও ইসলামী আন্দোলন বাংলাদেশের নায়েবে আমির মুফতি ফয়জুল করীম।

শনিবার (১৪ মার্চ) সকালে রাজধানীর ওসমানী মিলনায়তন-এ ইমাম, মুয়াজ্জিন ও পুরোহিতদের মাসিক সম্মানী ভাতা প্রদান কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ফয়জুল করীম বলেন, ওলামায়ে কেরাম ও ধর্মীয় ব্যক্তিদের সম্মাননা দেওয়ার উদ্যোগে তিনি সন্তোষ প্রকাশ করছেন এবং প্রধানমন্ত্রীর প্রতিও সম্মান জানাতে চান। তবে এই ভাতা যেন কোনো প্রকার নিয়ন্ত্রণের মাধ্যম হয়ে না দাঁড়ায়—সরকার ইমাম ও মুয়াজ্জিনদের ওপর প্রভাব খাটানোর পথ হিসেবে এটি ব্যবহার না করে, বরং সম্মানীর মর্যাদা অক্ষুণ্ণ রাখে।

তিনি আদর্শ সমাজ গঠনের স্বার্থে চাকরির ক্ষেত্রে ইমামদের কাছ থেকে চারিত্রিক সনদ নেওয়ার ব্যবস্থা চালুর দাবি জানান।

এ ছাড়া, ওলামায়ে কেরামকে স্বাধীনভাবে মত প্রকাশের সুযোগ দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, কোরআন-হাদিস পরিপন্থী কিছু না বলা পর্যন্ত তাদের বক্তব্যে বাধা দেওয়া উচিত নয়। পাশাপাশি ইমাম-মুয়াজ্জিনদের বরখাস্তের ক্ষেত্রে সুস্পষ্ট নীতিমালা প্রণয়নেরও অনুরোধ করেন তিনি।